সময়ের কাগজ

তারিখ 19 NOV 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

বিসিএস শিক্ষা অ্যাসোসিয়েশনের ৮ দফা দাবি

# 'শিক্ষা ক্যাডারে বিভাজন হতে দেওয়া হবে না'

■ খুলনা ব্যুরো

খুলনায় বিসিএস শিক্ষা অ্যাসোসিয়েশনের সমাবেশে বক্তারা বলেছেন, শিক্ষাকে নন-ক্যাডার করার ষড়যন্ত্র ঐক্যবদ্ধভাবে রুখতে হবে। শিক্ষা ক্যাডারে কোনো বিভাজন হতে দেওয়া হবে না।

গতকাল শুক্রবার বিকেলে নগরীর সরকারি হাজী মুহম্মদ মুহসীন কলেজ মিলনায়তনে ৮ দফা দাবিতে এ বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন সরকারি হাজী মুহম্মদ মুহসীন কলেজ ইউনিটের সভাপতি নাজমুল আহসান। এতে প্রধান অতিথি ছিলেন বিসিএস শিক্ষা অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যক্ষ মতিউর রহমান গাজ্জালী।

সমাবেশে বক্তারা বলেন, স্বাধীনতার পর ক্রমান্বয়ে বিভিন্ন সরকারি কলেজ জাতীয়করণ করা হয়। বর্তমান সরকার প্রায় ৩০০ কলেজ জাতীয়করণ করে শিক্ষার মানোন্নয়নে ব্যাপক অবদান রেখেছে। কিন্তু আত্তীকৃত শিক্ষকরা ২০০০ বিধির কারণে খুব ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তৃতীয় শ্রেণি ও পাসকোর্সের অনেকে শিক্ষকই নিয়োগ পাচ্ছেন না। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সময় এসেছে। যেসব কলেজ জাতীয়করণ করা হয়েছে, তা সরকারের পরিকল্পনার মধ্য দিয়ে। তাই কোনো শিক্ষক যেন নিয়োগ থেকে বঞ্চিত না হন, সেদিকে সরকারকেই দৃষ্টি দিতে হবে।

সমাবেশে উত্থাপিত শিক্ষকদের ৮ দফা দাবির মধ্যে রয়েছে- জাতীয়করণকৃত শিক্ষকদের শতভাগ চাকরি গণনা করে অবস্থান নির্ধারণ, স্বপদে ও স্ববেতনে আত্তীকৃত করা, বেসরকারি আমলের অধ্যক্ষকে পদায়ন না করে সরকারিভাবে কোনো নতুন অধ্যক্ষ নিয়োগ না দেওয়া, শিক্ষা প্রতিষ্ঠানে দ্বৈত প্রশাসন (ক্যাডার, নন-ক্যাডার) বিভাজন না করা, জাতীয়করণের তারিখ থেকে নিয়োগ দিয়ে একই তারিখে নিয়মিতকরণ, ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## শিক্ষা ক্যাডারে

[তৃতীয় পৃষ্ঠার পর]

বেসরকারি আমলের সব শিক্ষককে নিয়োগ প্রদান এবং অনার্স কোর্সের জন্য নিয়োগকৃত নন-এমপিওভুক্ত শিক্ষকদের আত্তীকরণ।

শিক্ষক নেতা এস এম জাহিদুল ইসলামের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন সরকারি এলবিকে ডিগ্রি মহিলা কলেজের অফিসার ইনচার্জ কুমারেশ মণ্ডল, অধ্যাপক আবদুর রউফ মোল্লা, সরদার ফেরদৌস আহম্মেদ, ড. প্রতাপ রায়, পীযূষ কান্তি রায়, সৈয়দ আফজালুল হক, সিরাজুল ইসলাম, আনোয়ার হোসেন মৃধা, খোন্দকার মুকুল আহম্মেদ ও শেখ রাসেদুজ্জামান।